

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৪০ (আগরতলা ২০-০৩-২০১৭)
করবুক, ২০ মার্চ, ২০১৭

বাঁশিচন্দ্র পাড়া বিদ্যালয়ে প্রাকৃতিক
দুর্যোগ মোকাবিলার মহড়া

করবুক মহকুমা প্রশাসনের উদ্যোগে গত ১৮ মার্চ বাঁশিচন্দ্র পাড়া হাই স্কুলে অনুষ্ঠিত হয় প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার উপর এক মহড়া। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন করবুক মহকুমা শাসক নাগেশ কুমার ধর, বাঁশিচন্দ্র পাড়া হাই স্কুলের প্রধান শিক্ষক দামোদর ত্রিপুরা, প্রশাসনের বিভিন্ন স্তরের আধিকারিকগণ। মহড়ায় টি এস আর পঞ্চম বাহিনীর জওয়ানরা ভূমিকম্প সহ অন্যান্য প্রাকৃতিক দুর্যোগের হাত থেকে কি ভাবে নিজেকে এবং পরিবারকে রক্ষা করা যায় তা প্রদর্শন করে দেখান। মহড়ায় একটি কাল্পনিক দুর্যোগের পরিবেশ তৈরী করা হয়।

This document was converted using
Smart PDF Converter
To remove this message purchase the
product at www.SmartPDFConverter.com